

বিরহী কুল

যুথিকা বড়ুয়া

এমনো মধুর সাঁঝে পাবো কি তোমায়
আছো দূরে কেন ওগো, মিছে অছিলায়;
এসেছে আজ বাতাস হয়ে ভালোবাসা
রেখেছি তা হৃদয় ভরে নিয়ে কত আশা,
দু'চোখে স্বপনো ঐঁকে দিওনা মুছায়ে ।

শোনো না কি বিরহী কুলের হাহাকার
দাওগো ভালোবাসার শুধু অধিকার,
জীবনে মরণে শুধু চেয়েছি তোমায় ।
মনে কি পড়ে না প্রিয়, প্রথম দেখায়
পারোনি মিটাতে সাধ, আলোয়-ছায়ায়
যেদিন দিশেহারা ভালোলাগা গেল ফুরায়ে
দিয়ে ফাগুনের আগুন হঠাৎ নিভায়ে,
ব্যাকুল তুমিই করেছ আমায়,
আবেগে ছোঁয়য় ।

ভেবেছ কি খেলাঘর, এ মন আমার
মনের ইচ্ছেগুলি কিছুই নয় আর ।

থেকোনা গো নিঃশুপ, নিষ্ঠুর হয়ে
দু'দিনের এ জীবন, যাবে দ্রুত ফুরিয়ে,
হতাশায় নিরাশায় ভোরো না আমায় ।
নিজেরে রেখোনা ওগো আর লুকায়ে
দাওগো আঁধার হৃদয়ে মোর, আলো ভরায়ে
হবে শেষ প্রহর গোনা সজল চোখে,
ব্যথাভরা হৃদয়ে, এই আশা রেখে,
রেখেছি বিছায়ে এ মন পথপানে চেয়ে ।
যদি আসো ফিরে কভু,
মোর হৃদয় দ্বারে ।

যুথিকা বড়ুয়া : কানাডার টরন্টো প্রবাসী লেখক ও সঙ্গীত শিল্পী ।
guddi_2003@hotmail.com